বড়দিনের বথশিশ্।

(외속(팀인)

ত্রীগিরীশচন্দ্র ঘোষ প্রণীত।

(মিনার্ভা থিয়েটারে অভিনীত।)



[১৮৯৩ খুষ্টাব্দের বড়দিনের পঞ্চরং]

ঐকেদারনাথ কোঙার কর্তৃক প্রকাশিত।

PRINTED BY P. S. SAHA,

AT THE

NEW CALCUTTA PRESS, No. 2, Harimohun Basu's Lane, Calcutta.

পঞ্রং—রঙ্গদারগণ।

পুরুষগণ।

পরি মন্ত্রী
নজার
 পরীরাণীর প্রধান দূত ও কর্মাচারী।
পুঁটে মিত্র
 দালাল।
গরারাম
 কর্তা।

মিঃ ডদ্ · ... গরারামের বড়ছেলে।

ভুলু বাবা ... জ ছোট ছেলে। গুলাই দাস ... জ ছেলেমেয়েদের শিক্ষাদাতা।

রামচাঁদ ... গ্যায়ামের প্রতিবেশী। শ্যামানন ঘোষ ... ঐ অন্ত প্রতিবেশী।

মিঃ হাজরা ... বিলাতী আচার ব্যবহার প্রিয় যুবক।

্রেমদাস ... তুলসীর মালাওয়ালা।

জিনিগণ, ক্লাউন, থিয়েটারের ম্যানেজার, দেশহিতৈথী,
টাইটেলখোর, পলিটিসিয়েন, সংস্কারক, সভ্যতার
নিশানধারী,প্রেমিক,টোলধারী,জালবর ইত্যাদি।

স্ত্রীগণ।

পরীরাণী।

গুলজার ··· পরীরাণীর প্রধানা সহচরী। মিদেস হাজরা ··· মিঃ হাজবার স্ত্রী। ১

নিদেন হাজরা ... মিঃ হাজরার স্ত্রী। ১ নিদি বাবা ... গমারামের কন্তা। এখনদাদী ... প্রেমদাদের বৈঞ্চবী।

> পরীগণ, ফুলকপীওয়ালী, নেবুওয়ালী, ভেটকীমাছ-ওয়ালী, ও ফুলওয়ালী ইত্যাদি।

বড়দিনের বখ্শিশ্।

প্রথম দৃশ্য।

হারিসন রোড্—দিন।

থিয়েটারের ম্যানেজার।

থিয়ে-ম্যা। এ বড় দিনে বখ্ শিশ্ আমরা সকলেই পাব, কেউ বঞ্চিত হবেন না, দেখ্বেন একটা দিব্যি আম্বনা, কার কৃতটা পোড়া-মুখ তা বাবে জানা, কারুর নাই মানা, বে আদ্তে চাও, এসে বাও, এনাম নিয়ে চলে বাও। লাগ্ ভেল্কী লাগ্, বে পোড়া মুখ দেখে খুঁড়্বে, তারও মুখে আগুণ লেগে যাক্, ঐ আদ্ছেন আমার ভাই, উনি ক'রবেন্ ধেলা জমাই।

(পুঁটে মিত্রের প্রবেশ)

পুঁটে। ক'ল্কেতার তো কারু বাড়ী যাবার যো নেই, ফিবাড়ীতে একটা না একটা ফ্যাসাদ্ বাধিয়েছি। ঐ যে আমার দাদা যাচ্ছে, ওর সঙ্গে একটা পরামর্শ করি। ও খুব তৈয়েরী;ও থিয়েটারের ম্যানেজার। দেখি যদি কিছু নৃতন খেলা বা'র ক'রে। এবার ঘড়ি সারা, টাকা ধার, গিল্টার গয়না বাঁধা, জুয়া খেলা, হাগু-নোট কাটায় চ'লে না আর।

(নজর ও ওলজারের প্রবেশ)

উভয়ে —

(গীত)

বহুত সহর দোনো ঘুম কে আয়া।
বিজ্য়া বেকুব্ কোহি নেহি পায়া।
ঘর আশ্মান সহর,
সহর দেখে সব হো যাওয়ে তর,
হাঁয়া পরীস্থান, বাদসাজাদী হাঁয়া পরীজান,
বেকুব্কা বাগিচা হাঁয়ি তৈয়ার,
বেকুব্কা দেখ্নে বাহার,

পরীজান কি সক, বেকুব্ পৌছানে হোগা বেসক্,

বড়িয়া বেকুব বিন্ লে যায় কেয়া।

পুঁটে। এই ছজনে দেখ ছি বিদেশী, কিছু হাত হবে না ? বেহায়া বেহায়া কি ক'চ্ছে।ও গো যা-হয়-কি সাহেব,ওগো যা-হয়-কি মেম, এ মূলুকে কিছু কিন্বে বেচ্বে ?

নজর। হাঁ, চিজ কা ওয়াত্তে আয়া।

গুলজার। বহুত সহর ঘুমা, চিজ্ কোহি নেই পায়া।

পুঁটে। হাম্ তো সেই বাত্ বোল্তা, এ মুলুক ছোড়্কে কোঁহা কি পাতা? তিসি, সরষে, গম্, মাষকলাই, চাল্ দাল্, সোণার গয়না, রূপোর গয়না, জহরত, হীরে, মতি, মুক্ত, পালা, বেনারসী, বোম্বাই, বড়ী কি সেমিজ, কি ছুকুম কাছে নেই কর্তা?

নজর। হিঁয়া উল্লুক মিল্তা? পুঁটে। উল্লুক কি? নজর। বেকুব্!

পুঁটে। ক গণ্ডা, ক বুড়ী, ক পণ, ক শো, ক লাথ, ক কোর চাতা ? হাম্কো হুকুম কর, এ মুলুকে উল্লুক নেই! কি রকম বেকুব চাই, হাম্কো বাতায়কে দাও!

নজর। আচ্ছা আচ্ছা বেকুব মাঙ্গাও।

গুলজার। দর্কা ওয়াস্তে নেহি ডরো, মিলেগা যো চাও। পুঁটে। কি রক্ম দরকার বল, ছোট রকমের কি ভাও তোমার দেখি; আমিও একটা বেকুব আছি, তা বেশী দরের; ছোট থাটো ছ একটা দেখাই।

নজর। আছোমাঙ্গাও।

গুলজার। আর তোমারা ক্যা ক্যা দর বাতাও ?

পুঁটে। সে দর দাম শেষে করেগা। মা বাপ্কে থেতে দেয়
না, মাগের বুট্ থায়, এ উল্লক যদি দরকার হয়, ফি ঘরে ঘরে
পাবে, যে বাড়ীতে সেঁধোও। বেশ ইংরাজী কোট্ পেণ্টুলেন্
পরা, এ দিকেও বিবিয়ানা ধাঁজের সাজ্ গোজ্, যদি চাও তো
এ নম্বরে সেঁধোও।

নজর। তোম নেহি ল্যাতেহো কাহে?

পুঁটে। আং আমার বাপের পিণ্ডি! হোথার কি যাবার যো আছে ? ওদের সাতগুটিকে ঠকিয়েছি, বাপের বনাত .নিয়েছি, বুড়ীর ভাত থাবার থালা, ছোঁড়ার ঘড়ী, ছুঁড়ীর ইয়ারিং গোঁড়া দিছি।

নজর। কুচ্ পরোয়া নেই, জিনী আওর পরী হ্যায় হাম্ লোক্কা সাত্।

গুলজার। কাঁহা বেকুব, কহো সাঁচচা বাত্।

পুঁটে। রাস্তার ছ দিকেই আছে, ৩৩ নম্বরে কিছু সাজ্ গোজ্ ভাল।

নজর। যাও, জিনী আওর পরী জন্দি যাও। গুলজার। দোনো উল্লুক হিঁয়া লাও। পুঁটে। একটু ঘাপ্টী মেরে মজা দেখ। নজর। বহুত্ আচ্ছো। গুলজার। এ বাত্ সাঁচনা!

(জিনী ও পরীগণের প্রবেশ) জিনী ও পরীগণ,— (গীত)

দেখো বেকুবকা লে আয়া জোড়া,
ঘরমে বৈঠে রোয়ে বুড়াবুড়ী।
দেখ ঢংসে রংসে কেসা আওয়ে,
মারে গরবকি মিট্টি দাবাওয়ে।
গ্যান্ড ম্যান্ড হ্যান্ড হিঁয়া পৌছাওয়ে,

যো কাম্মে ভেজো ছোড়ে থোড়ি।

ি প্রস্থান।

(হাজরা সাহেব ও বিবির প্রবেশ)

বিবি। ডিয়ার, কুক্ মটন ছুঁতে চায় না, তোমার বুড়ী মাকে ব'লো, ছটো কাবাব আমাদের তৈয়ারি করে দেয়, আমি শিথিয়ে দেব; আর বাপ্কে ব'লো, দেই আমাদের টেবিলে দে যায়। দিনের বেলা এটা সেটা ক'রে রাভিরে যে কুঁড়েমো ক'র-বেন, তা হ'লে এক সদ্ধাে খানু আমার কোন আপতি নেই।

সাহেব। ক্যাপিট্যাল, ক্যাপিট্যাল ডিয়ার।

বিবি। হ্যালো ! ইউ মন্কী, আমার ইভ্নিং ড্রেদ্ এ'য়েছে ?

সাহেব। পর্ভ দেবে ব'লেছে।

বিবি। বুড়ো মা বাপ্কে তিন টাকা ক'রে ছটাকা ছাড়তে পার, আর আমার স্কট পরশু আম্বে ?

সাহেব। মাই ডিয়ার রাগ ক'রনা।

বিবি। আমি তোমার মিট্টি কথা শুন্তে চাই না। (পদাঘাত)

(গীত)

উভয়ে—

বেকুবী কার দেখ তে বাসনা।

বিবি-

মোজাওলা বুটের লাখি

সাহেব—

দেখনা কাজ কি শোনা।

বিবি---

তিনশো টাকার ইভনিং সুট হ'য়েছে ফরমাস,

় বুড়ো বুড়ী ছটা টাকা পায় না মাসে মাস, সিভিল জেল শিওরে, ঘরে চাট-ছুঁড়ুনী জেনানা।

ठांछे ना कित्न कित्न ठतन, देनतन नानाम् मारनना ।

পুঁটে। কুর্নিস্ দি হাজরা সাহেব, কুর্ণিস দি বিবি।
সাহেব। আই সে,আমি তোমার উপর ভারী খুসী হ'য়েছি,
আমাদের যে উল্লেকর জোড়া ব'লেছ, এতে আমরা বড় প্লিজ্ড্
হ'য়েছি।

বিবি। ভেরী মাচ্ওব্লাইজ্ড্হ'য়েছি।

পুঁটে। কেমন সারটফিফিট দিয়েছি বল।
হাজরা সাহেব ও বিবি। বহুত খুব, বহুত খুব।
পুঁটে। ক্যাবাত্ ক্যাবাত্, আস্মান সহরের বাগানটা
ক'রে নিয়েছ হাত।

জিনিপরী। চল্ হাম্লোক্কা সাথ।

[পুঁটে ব্যতীত সকলের প্রস্থান।

(নজর ও খলজারের প্রবেশ)

(গীত)

গুলজার-

তোম্দে দোস্তি ঝকুমারি।

নজর--

কেয়া কস্থর কহো, কাহে গোসা ভারী। খনজান—

> দো একঠো ঠোনেসে হোতা বেজার, সাম্নে দেখা কেসা লাথ্কা বাহার।

নজর—

করো যেসা ভাই পদন্ তুহার, কিয়া দেল চুরি, ময় হুয়া নাচার,

গুলজার-

ঝুট্ বোলনে আচ্ছা তৈয়ারি

নজর-

জান নেই কেসা নয়না-কাটারি তেরি।

পুঁটে। যে যুড়ী পাঠালেম্ তা কোন মুলুকে পাবে না। হিন্দু, মোসলমান্, খুষ্টানে তো নেই, তবে এ সহরের কথা ধর্বেন না। এটী কেমন জান ? উপরে এই চেকন চাকন্ বাড়ী ঘর দোর্ ভিতরে নর্দ্মা,এ সহরের আজব কারথানা,মান্ত্রমণ্ড দেথ্বে চেকন চাকন ভেতরে পচা খানা। আর কি রক্ম উন্তুক চাই বল ?

নজর। ওম্দা ওম্দা চিজ্ ভেজো।

গুল্জার। তরো মৎ, ঠিক দর দেগা।

পুঁটে। আর বেশী কট্ট কর্ত্তে হবে না, ঐ মর্ণিংওয়াকেই বেরিয়েছে, ঐ যে অলষ্টার গায়ে, উনি বাবার সেরা বাবা ঐ যে চিড়িয়াবুটা শালের বালাপের গায়ে উনি শিক্ষকের বাদ্সা, নিকারবোকার স্কট পরা, ঐটা বংশধর খুদে স্কুসন্তান আর পিনাক্ষোর পরা ঐ মিসি বাবাটা বংশধরী। এই দিকে আস্ছে; তোমরা এক্টু আড়াল্ থেকে তামাসা দেখ।

[প্রসান।

(গমারাম, ছেলে, মেমে ও গদাইকে লইমা জিনীও প্রিগণের প্রবেশ) জিনিপরী — (গীত)

ত্য়া তুকুম তামিল, ত্য়া তুকুম তামিল। গ্যারাম গদাই—

বেকুবের এমন জোড়া মেলা মুস্কিল। ^{ছেলে ও মেয়ে}—

বেকুবের খুদে জোড়ায় দেখ কেমন মিল। পরীজিনি—

কেয়া খুবী বেকুবী মজেদার,

ঢুড়্নে বেকুব নেহি হোয়েগা আর,

দেখে পরীজানকো পুরেগা দিল।

গ্যারাম —

পরীজিনি-

শিকা দিতে ছেলে মেয়ে মাষ্টার রেখেছি। গদাই-

হদ্দ মৃদ্দ চেষ্ঠা করে আমি দেখেছি। एडल, त्यास—

ভাই বোনে তেমনি শিখেছি। গ্যারাম, গ্লাই-

দেখছ যেমন ধাড়ী জোড়া ছেলে ও মেয়ে—

তেমনি জোডা পিল।

বেসক্ বেসক্ বোলেহে হক্

এন্তাহাম দৈকে দেখলাও আক্লিল।।

গয়া। গদাই, ছেলে মেয়েটা সাবান ইউজ করে १

গদাই। আল্বত্। গয়। টুথ্রুস্ দিয়ে টিথ্ ক্লিন্ করে ?

গদাই। অফ্কোরস।

গয়া। সকাল বেলা উঠে তিনবার গড নেই বলে,

গদা। এভ্রি ডে, বে-ওজোর।

গয়া। এ বছর ক্লমানে কি শেথালে १

গদা। ভুলু বাবা, আর মিসি বাবা।

ছেলে ও মেয়ে। সার १

গদা। কি ক'রে ঘোড়ায় চ'ড় বে গ

ছেলে ও মেয়ে। টগাবগ! টগাবগ!
গদা। কি ক'রে বল্ ড্যান্দ্ ক'র্বে ?
ছেলে ও মেয়ে,— (গীত)

মেরি মেরি এক্সমাস, মেরি ল্যাড় মেরি ল্যাস্। মেরি মেরি মেরি চান্স, মেরি মেরি মেরি ভ্যান্স, ইক্সি সেরি ফ্রোয়িং মেরি, ওন্লি সরি নেটিভ অ্যাস।

গদা। কি ক'রে পথ চল্বে ? ছেলে। ডাাম্ ডাাম্ ন্টোৰ কালা। মেয়ে। থাবি হুইপ্ স'রে পালা! (গীত)

ত্বজনে ডিম্ফুটে বেল্লিক্।

বাবার জোড়া গুণের নিধি মাপ্টারটি ঠিক্। বিলেত থেকে ফিরে এলে, ব'ল তো তবে ড্যাম, নিকারবোকার পিনাফোরে, আমরা সাহেব ম্যাম, বেল্লিকিতে কে দেবে লড়াই, চ্যালেঞ্জ আমরা চাই,

বেল কোমো ফি গাঁটে গাঁটে, ঠাউরে দেখে যাও খানিক্। বড় হ'লে জ্বালাব দণ দিক॥

[সকলের প্রস্থান।

পুঁটিরাম নজর ও গুলজারের প্রবেশ। পুঁটে। কি কল্লে, ধাড়ী জোড়াটা চালান দিলে ? এ পিল জোড়াটা পাঠাও, ও ছটোর তো এখনও পূরো বেলিকি দেখনি। নজর। বছৎ-আচ্ছা।

পুঁটে। ছ-দশটা কুচো মাল দরকার আছে কি ? এই বেখার জন্মে গলায় দড়ি দেয়, স্ত্রীর চন্দ্রহার চুরী ক'রে নে যেয়ে ক্রম্নান্ করে, পৈতে ফেলে হাড়া হয় ? এ লিট্ট আওড়াতে গেলে মুথে ফে'কে। ধ'রে যাবে। তোমাদের যাবার সময় ছ-চারটে দোঝে এখন। আপনার দেশের লোকের নিন্দে করে, বাঙ্গালীর সব দোঝে দেখে, বাঙ্গালীর আগা 'গোড়া দোম দেখে, এমন বেলিক যদি চাও তো এ সহর উঠিয়ে নিয়ে যাও। এ বেলিকের নৃতন ধরণ কি জান ? ছজনেই বাঙ্গালী, ছজনে গলা ধরাধরি করে চ'লেছে, আর বল্ছে,—বাঙ্গালী ভারি পাজি।কারুর মা বিধবা, কারুর বোন্ বিধবা,লেক্চার দিছে বাঙ্গালীর বিধবারা সব অসতী। মস্ত টিকি-কাটা ভট্চাজ্ মুরগী খাবার বিধেন দিছে, শালগ্রাম্ ছেড়ে সাহেবের আরতি ক'ছে,—এ রকম কুচো বেলিকের দরকার আছে কি ? টাইটেল্ নিতে লাখ্ টাকা দেয়, বাড়িতে এক মুঠি ভিক্ষে পায় না; সম্পাদক , থিয়েটারের ম্যানেজার ?

নজর। তোম্ তো আজব বাত্ ফর্মাতেহো। পুঁটে। নমুনাটা কি রকম দেখ্লে?

নজর । আচ্ছা তোম্ বড়া জোড়ীকা তেজনে নেহি দিয়া কাহে?
পুটে। ওর বেকুবী কি দেখলে? ও জোড়া তোমায় দেব
বটে, কিন্তু আর যদি অমন জোড়া চাও, আমি নারাজ, অমন
কুলতিলক পিতা আর গুণের ধ্বজা শিক্ষা-কর্ত্তার জন্তেই
তো মূলুকে বেকুব ভরা। বাপ যদি রবিবারে পান চিবুতে
চিবুতে, ষ্টিক্ হাতে ক'রে, গার্ডেন পার্টিতে না যেতেন, তা

হ'লে ছেলে কি মাগের চুড়ি খুলে নে বেখা-বাড়ী সরস্বতী পুজো ক'র্ভো? মাষ্টারের যদি হিতাহিত জ্ঞান থাক্ত, যদি হিত শিক্ষা দিত, তা হ'লে কি ছাত্র ব'ল্ত, ড্যাম্ হিঁছ্য়ানি, না বাপকে ওল্ডফুল্ বল্তো? তা তুমি সওদা কর আর না কর, বেলিকের জড় তোমায় দেব না, তবে যে জোড়া দেখিয়েছি, নে যাও, কিন্তু জবর জোড়াটী ছাড়লুম। এখনও ওর বেল্লিক-গিরি দেখাছি । এ যে আদ্ছে দেখছ,—একটী বেলিকের চার, কাত্লা বেলিক এসে পড়লো বলে।

পভূতে। বিলো (ফু**ল**উলীর **প্রবেশ**)

(গীত)

মন্হরা এ ফুলের প্সরা।

ফুলে বিজ্ঞলী খেলে, নাগর দেয় ধরা।

নৌরভে আমোদ করে, নিয়ে যাও সোহাগ ক'রে,

সোহাগে তোলা এ ফুল, সোহাগে ভরা।

(লেবুউলার প্রথম।)

. (গীত)

যার স্থ্ থাকে এ রাঙ্গা নৈর কিনে নিয়ে যাও। রাঙ্গা হাতে ছাড়িয়ে খোসা রাঙ্গা মুখে দাও।

এ নেরু রসেতে টস্টস্

রসভরে যার মুখে দেবে, অন্নি হবে বশ,

সোহাগে ব'দে চাঁদের হাট,

রাঙ্গা সেরি ঢেলে, কর রাঙ্গা নেরুর চাট, এ নেরুর কদর ভারি, ক'লে দেরি, পাও কিনা

আর পাও।

(পুঁটের প্রবেশ।)

পুঁটে। চারে এসে বেকুব থেলে দেখ। 'তোমার পরীকে আর ধ'রে আন্তে হবে না,নের্তে আর ফুলেতেই সরগরম,এলো বলে।

(মিষ্টার ডাে্সের প্রবেশ)

छम्। এই ফুলউলী এই ফুলউলী, এই নেবুউলী ?

উভয়ে। কি বাবু, কি বাবু?

ডস্। বাবু নেই মিষ্টার ডস্, কোর্টসিপ্ক'রে বে কর্তে পার্বে?

ফুলউ। তোমায় আগে বল বাবু বল্ব না কি ব'ল্ব ?

ডদ্। মিষ্টার ডদ্।

ফুলউ। মটর খদ্কি ব'ল্ছেন ?

ডদ্। কোর্টিরপ্।

ফুলউ। হাঁ, তোমার মত কত সাহেব কোটে তোড়া পরে।

ডम्। आभि তা বল্ছিনে, পছনদ করে বে কর্বে ?

ফুলউ। ওমা পাগল নাকি?

ডস্। বেওনা, আমি সব ফুল তোমার কিনে নিচ্ছি, তোমার একটা কথা পোলে হয়; তোমার বে করবার ইচ্ছে আছে ?

कूलछै। कूल त्नरव १

ডদ্। ওকথা তো চুকে গিয়েছে। ফুল নিয়ে তোমায় সাজাব। একটু দাঁড়াও, কোর্টিসপু করি।

ডস্। নেবুউলী তুমি রাজী আছ ?

লেবুউ। রাজী আছি, তুমি কি হুজনকেই বে ক'র্ব্বে ?

षम्। ना, এक जनक।

নেবুউ। তবে আমরা চল্লুম।

ডস্। দাঁড়াও তোমাদের ছজনেরি বে হ'তে পারে। ঐ গদাই দাস আস্ছে, ও একজন্কে বে কর্ত্তে পারে, আমিও এক জনকে পারি।

লেবুউ। তা তথন বে ক'রো, আমরা চল্লুম। ডদ্। আচ্ছা, তোমাদের কার্ড দিয়ে যাও। ফলউ। সে আবার কি গ

ডদ্। বাড়ীর নম্বর বল, আমি একটা সলা ক'রে যাচ্ছি, যাও কোথায়, নম্বর বোলে যাও।

> ফুল ও নেরুউলীর প্রস্থান। (গদাই দাদের প্রবেশ।)

গদা। নেভার মাইও, আমি ও ছজনেরি বাড়ীর নম্বর জানি। আপনার মতলব হাঁসিল হবে, আপনি যদি ঘোষেদের বাড়ী বেনা করেন।

ডদ। এই রুসমাসে যেমন করে হয় বে ক'র্বই। যদি কোর্টি দিপ্কর্ত্তে পেলেম্না, দিভিল ম্যারেজ হ'লো না, নাইন্টিছ সেঞ্রীতে তবে পিন্তল থেয়ে মরা ভাল।

গদা। সে সব ভাবনা আপনার কিছু নেই। এক বেটা ছাড়িনী কোর্টিসিপ্ কর্ত্তে রাজী হ'য়েছে, আজ্ তারে সমস্ত দিন বুঝিয়ে রাজী করেছি। সে হাড়িনী বেটী তোমাদের বাড়ীতে খাটে।

ডদ্। না, সে বড় ক্যাডাভ্যারাস্, আমি দেখেছি। নামটী শ্বুব জবর হয় বটে, কিন্তু আমার মন ঐ ফুলউলীর দিকে। তুমি শুমি যদি নেবুউলীকে বে কর ত ফুলউলী আমার হাত হয়। গদা। দেদার রাজী, আমি লেবুউলীর বাড়ী উঁকি ঝুঁকিটা মেরে আদ্ছি।

ডদ্। আচ্ছা তুমি যাও, আমি ওয়েডিং ড্রেস্টা ফরমান্ দিয়ে যাই।

উভয়ের প্রস্থান।

(গয়ারামের প্রবেশ)

গয়। গুওটাকে আমি ত্যজ্য পুত্র ক'র্বের্রা, অমন উইডো, তার সঙ্গে জোগাড় কল্লেম্,বিশ বিশ হাজার টাকা হাতে লাগতো, আমার একটা নাম বেজে যেত, তা গুওটা আমার মুঞু হেঁট ক'ল্লে। আমি ভাব্ছি আমাদের বুড় রামচাদের সঙ্গে বে দেব, সেও বে বে করে, কিন্তু বুড়ো দেখে তারা যদি না রাজী হয় ?

গদা। তার একটা প্লান্ আছে, তা আপনার ছেলে তো বে কর্ত্তে চায় না; তা লাইন ক্লিয়ার আছে রামচাঁদ ছইস্ল দে বেরিয়ে যাক না?

গয়। একটা ফাঁসাদাদ প'ড়েছে, দশ হাজার টাকা ক'নের নামে লিখে দিতে হবে! আমাকে তার জামিন হ'তে হবে, রামটাদের তো কিছু নেই।

গদা। তার জন্মে ভাবনা কৈ ? রামটাদ তো আপনার হাক্তেই আছে, তার ঠেঁয়ে পাল্টে লিখে নেবেন।

গন্ধ। কি জানি, পরের হাতে ঘাওয়া; কেউ কারুর নয়, ভাই, কেউ কারুর নয়, টাকাই আপনার। আর এক মুম্বিল, রামটাদকে বুড়ো দেখে যদি বে না দেয়?

গদা। তার এক উপায় আছে, রামচাদের চুলণুছেঁটে কলপ লাগিয়ে দিন।

গয়া। তারা ধদি না রাজী হয়?

গদা। ফিকির কর্ত্তে হবে। রামচাঁদকে ছোঁড়া সাজিয়ে ট্রাইসিকেলে চড়িয়ে. নে হাজির করা যাবে। আর আপনার ছেলে বলে পাদ কল্লেই বা হান কি।

গলা। না না, আমার ছেলেকে চেনে। রামচাঁদ বুড়ো মাসুষ ট্রাইসিকেলে চড়বে কি করে ?

গদা। একটা থিয়েটারের ছোঁড়াকে সাজিয়ে ট্রাইসিকেলে চড়িয়ে, একদিকে আপনি চামর ঢোলাবেন আর
একদিকে রামচাঁদ, লোকে জান্বে যে আপনারই ছেলের
বে হবে, থিয়েটারের ছোঁড়াটা মার বে দৌড় আর রামচাঁদ
তার (Take his place) টেক্ হিজ্ প্রেস্ ক'র্বে; কাজটা
শীঘ্র শীঘ্র সারবেন্, তা নইলে গোল্ হবে। এই ক্লস্মাসের দিন
বাগানে যদি কাজ্টা সার্তে পারেন, তা হলেই আপদ চুকে
যায়, বলেন তো আমি সব ঠিক ঠাক জোগাড় করি। রামলীলের
বাগান আমার হাতে আছে, এক রাত্রে তিন জোড়া বর ক'নে
বেরিয়ে আদি।

গয়া। তিন জোড়া কি ?

গদা। রামচাঁদ, আমি, আর আপনার বংশধর মিষ্টার ডদ্ মিষ্টার ডদ্ এক ফুলউলীকে বে কর্বে, আমি নের্উলী আর রাম চাঁদ তো আছেই, এই তিন জোড়া।

গনা। দেকি ফুলউলীবেক'র্কে! গদা। জরুর। গন্ধ। তবু আমার প্রাণটা ঠাণ্ডা হ'লো। ছেলেটা একটা নাম রাখ্বে, ইণ্টারম্যারেজ হবে কিনা? আর তুমি যে নেবুউলী বে কর্ত্তে যাচ্ছ, কিছু টাকাকড়ি তার আছে না কি? গদা। টাকা কড়ি কি আছে জানি না, বড় বড় কমলা-নেবৃত মাথায়দেখ লেম।

গয়। ওহে ভাল ক'রে না জেনে শুনে বাঁধা যেও না। ছেলেটা ইণ্টারম্যারেজ ক'রে থোরাকীর দারে যদি জেলে যায়, যাক্, আমার আপত্তি নেই, কিন্তু তোমাগ্র আমি ছাড়তে পাচ্ছি না, তুমি জেলে গেলে আমার ছোট ছেলে মেয়েকে কে শেখাবে? তোমার মত এমন চুড়ন্ত মাষ্টার আর কোথা পাব ?

গদা। মাষ্টার ঢের আছে, তার জন্মে চিন্তা নেই, তবে অন্থ্যহ ক'রে আপনি যা বলেন। আমি বাঁধা যাচ্ছিনে। তবে আপাততঃ কমলা নেবুটা আদ্টা ত চলুক্, তারপর ভেট্কিমাছ উলীটুলী দেখে নেব। খোরাকীর নালিশ কেউ কর্ত্তে চাইবেনা। আমাকে জেলে দিলে উণ্টে জেলে খোরাকী গুণ্তে হবে।

গয়া। তা যা ভাল বোঝ, কিন্তু দেখো নিজের বে-তে যেন ব্যস্ত থেক না, আমার কাজের জোগাড়ে তোমায় থাকৃতে হবে।

গদা। সে জন্তে ভাব্বেন না, রামচাঁদকে কেবল ওয়াটসন্ সামারের বাড়ী থেকে চুল্টো ছাঁটিয়ে কলপ দে নিন্।

शया। देश्ताकी वामी छोमी क'रत यावात क्यता निरम्र ।

গদা। অতয় কাজ নেই, ট্রাইসিকেলে বর বেরুবে, আর আমরা পাঁওদলে চামর ঢুলাতে ঢুলাতে যাব।

গয়া। রামচাঁদকে যদি চিনে ফেলে ?

গদা। আপনি নিশ্চিন্ত থাকুন্। একজন থিয়েটারের সাজ-

ওলা আমার হাতে আছে, সকাল বিকেল রামচাদকে নে সাজের মওলা দিলেই ঠিক্ ক'রে নেবে। আমি ও থিয়েটারের মজা জানি, আমি ফ্রি পাশ্ নে গেছলুম্, পরচুলো দে ছোঁড়া সাজে, আমি শিথে নিয়েছি, আপনি ভাববেন না।

গয়া। তবে তুমিই সব ঠিক্ ঠাক্ কর। গদা। আপনি যান্, আমি কেবল নেবুউলীর জানালায় উঁকি দে বেরিয়ে পড়্ছি।

ি শক্ষের প্রস্থান।

(ভিথারীগণের প্রবেশ)

(গীত)

কেয়া দেলকেয়া তোম্নে জানা,
যব তক্ রাম না পছানা।
সীতারামনাম কভি না লিয়া,
মালখাজানা পিয়ারা।
ক্ছ কেয়া তেরা সাথ চলেগা,
সমঝানা ভাই জেরা।
লেড়কা লেড়কী জরু তোমারা,
সম্ঝো জো আপনা,
খাকি কায়া খাক্ বনেগা
কিস্সে হোগা মানা।

যব তক্তেরা হুঁস রহে ভাই আপ্না কাম উঠানা, রোতে আয়া আখের দেখো, লেকড়িকো শেরোয়ানা।

[প্রহান

(খ্রামাধন ও পুঁটের প্রবেশ)

শ্রামা। পুঁটারাম বল কি ? সত্যি নাকি বুড়ো ব্যাটা আমাকে ঠকাবে ? আপনার ছেলের সঙ্গে বে দেবে না, রামটাদের সঙ্গে বে দেবে ? তোমার কথামত তো লিখে পাঠিয়েছি যে বিশ হাজার টাকা যতুক দেব। বুড়ো ব্যাটাকে জন্দ কর্ত্তে পার্বে তো ৪

পুঁটে। আচ্ছা জব্দ করে দিচিচ। তৃনি শুধু বলে পাঠাও যে দশহাজার টাকা স্ত্রীধন দিতে রাজী হ'য়েছে তা' নগদ বের রাত্রেই দিতে হবে।

খ্রাম। তাতে রাজী হবে!

পুঁটে। বিশ হাজার টাকা যতকের লোভে রাজী হবে।

শ্রাম। তার পর কি হবে?

পুঁটে। ও ষেমন রামচাঁদকে আপনার ছেলের বদলে খাড়া কর্ম্বে, আমরাও তেমনি আপনার মেয়ের বদলে একটা দাসী ফাসী খাড়া করে দেব। ক'নে ত আগে বার কত্তে হবে না, স্ত্রীধনের টাকাটা আগে বাঁটোয়ারা করে নিয়ে যে বেটাকে হয় বার করে দেব।

শ্রাম। আমায় ত বিশহাজার টাকা যতুক দিতে হবে। পুঁটে। কেন? ওর ছেলের দঙ্গে আপনার মেয়ের বেং হ'লে তবে ত যতুক দেবেন। রামচাঁদের সঙ্গে বেমলা কি পদীর বে হলে ত নয়।

খ্রাম। আমরাই বা ওর দশহাজার টাকা নিই কি বলে ?

পুঁটে। তুমি আর কল্কেতায় থেক না।

খাম। ওহে, এ যে জুচ্চুরি হবে—

পুঁটে: আর ওরই কোন শাউথুড়ী হবে ?

খ্রাম। ওর টাকাটা হজম কোর্ব্বো কি করে?

পুঁটে। এটা আর বুঝ্তে পাচ্চ না ? উনি সৌথিন পুরুষ রামচাঁদের বে'তে সথ্করে রামচাদের স্ত্রীর স্ত্রীধন করে দিয়ে-ছেন। তবে যে বেটীর সঙ্গে রামচাদের বে হবে তার সঙ্গে সড় কত্তে হবে। সে ছুশো পাঁচ্শো ছাড়লেই ঠিক হবে। বরং তুমি উল্টে দাবি কত্তে পার্বে যে ছেলের সঙ্গে বিয়ে দেবার কথা কথা ছিল তা দেরনি।

শ্বা, বেশ্কগা, বেশ কথা।

[প্রস্থান।

((अभनाम े अध्यमनामीत अदिन)

(গীত)

প্রেমদাস-

জপে **এ মোটা মালা** বাবাজী গুণ্গুণ,। প্রেমদারী—

সরু মালা কণ্ঠি ক'রে, বণ্ঠুম দিদি গলায় পরে, কোপ ক'রে ঝোপে ব'সে লাগিয়ে দেয় আগুণ।

এ মালা ঝুলিতে যার, পাঁচ সিকে লাগে না তার,

প্রেমদাসী-

সরু কাঁঠীর তুলদী হারের কব কি বাহার : —

মর্দে ভেড়া বনে,

প্রেমদাস—

মাগীর চড়ে খুন

উভয়ে—

সখের এ তুলদীমালার কব কত গুণ।

প্রেমদাস। পাঁচ সিঁকে দে নবদীপের মেলার এনেছি কিনে, যথন আড়নরনে নজ্রা মারেন, ইচ্ছে হয় মারি দৌড় টেনে।

প্রেমদাসী। ওকি কম ঘেন্ঘেনে, সাধে কি সাত খেংরা মারি রেতে দিনে। কেউ কি এমন আছেন গা, যে ঘরকরা করেন সেবাদাসী নে।

(পুঁটের প্রবেশ)

পুঁটে। এইবার আমার বেল্লিকগিরি দেখ। ওরে তোরা রোজগার ক'রবি ? দশ দশ হাজার টাকা!

প্রেমদাস। কি ক'র্ত্তে হবে?

পুঁটে। এই বড় দিনের দিনে তুই সাজবি ক'নে, আর তুই সাজ্বি পুরুত।

প্রেমদাসী। ক'নে সাজ্বো কি গা?

পুঁটে। সে আমি ব'লে ক'য়ে দেব।

প্রেমদাস। পুরুতগিরি আমি একবার ক'রেছিলুম্ তা পার্কো। সেই যে সেই খাঁদা পদ্মর মেয়ের বের সময়।

পুঁটে। শোন্ তোর হিষ্টিরিয়া আছে !

প্রেমদাসী। ইষ্টি ফিষ্টি জানিনি বাবু।

পুঁটে। তবে শেখ্, পজ্, এম্নি চ়িত হ'ের পজ্,এম্নি হাত পা ছেঁজি, এম্নি দাঁত কিজ্ মিজ্ কর্।

(পুঁটেমিত্রের মালাউলীর নাকের কাছে শিশি ধারণ)

প্রেমদাসী। ও কি কর গো?

পুঁটে। এম্নি ক'রে নাকে স্বেলিং সন্ট্ধ'র্কে,এম্নি ক'রে দাত কপাটী ভাঙ্বে, আর যেই দাঁত কপাটীটে ভেঙ্গেছে, এম্নি করে গলা জড়িয়ে ধ'র্কে।

প্রেমদাস। ছাড্ছাড়।

পুঁটে। যারে লেলিয়ে দেব, দেও ছাড়্ ছাড়্ কোর্কে, তুই খবরদার ছাড়্বিনি, শিখেছিদ্ ?

প্রেমদাসী। ঠিক।

পুঁটে। তুই শ্রামাধন ঘোষের মেয়ে, বুঝ্লি? আর তুই শ্রামাধন ঘোষের পুরুত্। যা বাসায় যা, সদ্ধে বেলা নিয়ে যাব এখন।

প্রেমদাসী। আমাদের বাসা চেন ?

পুঁটে। এই কার্ভিক মাদে মালা ঠকিয়ে এনেছি, আর তোর বাসা চিনিনে ?

[পুঁটে ব্যতীত সকলের প্রস্থান।

ডদের প্রবেশ।

ডস্। ফুলউলী বেটা তো রাজী নয়, এখন উপায় ? ক্নসাসের ভেতর বে ক'রে হাত ধরে নে গে তো পিক্নিক্ ক'তেই হবে, একটা সেন্সেসন্ হবে। পুঁটে। আর শুন্ছেন মশায়, খামাধন ঘোষের মেয়ে কোটদিপ্ক'রে বে ক'লে রাজী!

ডস্। বল কি ?

পুঁটে। অমন মেয়ে আর নেই, আপনাকে সে বে কোর্বেই কোর্বে। কোটসিপ্ শিথেছে, হিষ্টিরিয়া শিথেছে,গাউন্ কিনেছে, যা যা চান্, লম্বা চুল ছিল, বিবিদের মতন্ থাদি ক'রে কেটেছে, সব ঠিক্ ঠাক্—এক্টা ফ্যাসাদ।

ডদ। কি?

পুঁটে। আপনার বাপ, ঐ বুড়ো রামচাঁদের সঙ্গে বে দিয়ে যৌতুকের টাকাটা হাত কোর্বে।

ডদ্। কি এত বড় আম্পর্কা! ওল্ডফুল্, আমি ডুয়েল্ লড়্ব।

পুঁটে। বাঃ বাঃ এ রুশ্মাদে একটী কীর্ত্তি রাথ্বেন দেখ্ছি। ডস্। কি রকম ? কি রকম ?

পুঁটে। কন্তাও সম্প্রদান্ হবে, আপনি এক জোড়া পিন্তল হাতে ক'রে থাক্বেন; একটা আপনি রাখ্বেন, একটা আপনার বাপের হাতে দেবেন, বল্বেন ডুয়েল্ লড়; চারিদিকে ক্লাপ্ পড়ে যাবে, বিলেত পর্যান্ত খবর হবে।

ডস্। আমার পিক্নিকের কি হবে ?

পুঁটে। ঐ ফুলউলী বেটীকেই যোগাড় করব।

ডস্। হাঁ ঠিক্ বলেছ; তাতেও একটা নাম আছে, ইণ্টার-ম্যারেজ হবে, আর বিশেষ ফুলউলীকে আমার বড় পছন।

পুঁটে। তবে পিন্তল ছটোর যোগাড় দেখুন, ডুয়েল করা চাই-ই চাই।

ডস্। কিন্তু গুলি পুরে না, ফাঁকা আওয়াজ্। পুঁটে। তাবই কি!

িউভয়ের প্রস্থান।

(নজর ও গুল্জারের প্রবেশ।)

(গীত)

নজর—

তেরা দোস্তিমে ঘুম্কে হুয়া হয়রাণ। গুলজার—

ফিন্ ঝুট্ কহো, চুপ্ চাপ রহো বেইমান্। নজর—

হাম্দে বেকুব নেহি ভুঝে বাতাই, খুবজার—

তেরা গালেমে ঠোনা লাগাই.

উভয়ে—

তেরা পিছে ঘুমাতেহো কহো সাফাই,

নজর--

তেরা পায়ের্মে ছোড়া হ্যায় জান্,

গুলজার---

তেরা বাঁদী সমঝ্কে কর্তেহো কাণ।

[अशन।



দ্বিতীয় দৃশ্য

হারিদন রোড্—রাত্রি।

(পমারাম, ট্রাইনিকেলে বররূপী জনৈক যুবক, গদাই, বর্বেশী রামটাদ ও চামরহত্তে বালকবেশে ফুলক্ণীওয়ালী, এবং ভেট্কীমাছওয়ালীর প্রবেশ।)

शंशांताम। शंनारे, अन्हि द्वी पूर्यन नफ्रव ?

গদা। ভয় কি ?

গয়া। ব্যাটা ভারী গোঁয়ার!

গদা। কিছু ভাব্বেন না, আমি আগে একে তরিবৎ দি, (ম্বকের প্রতি) হাঁ ছাথ, তুই থিচে রড় দিবি (গয়ারামের প্রতি) আর আপনি ঐ রামচানকে বসিয়ে দেবেন।

গয়া। হাঁ আমি রামচাদকে বসিয়ে দেব। গদাই, বেটা'ত ডুয়েল লড্বে না ?

গদাই। ভয় কি ? যায় প্রাণ ভিক্ষে মেগে থাবেন।

বর। আমি এইখান থেকেই দৌড় মার্ব নাকি ?

গদা। না, কনের বাড়ীর দোর গোড়ায়।

গয়। হাঁ, কনের বাড়ীর দোর গোড়ায়। গদাই, আমার বড় ভয় কচ্ছে।

গদা। কুছ পরোয়া নেই।

গয়া। এ ছেঁ ছোটা কে ?

গদা। নেবুউলী বেহাত হয়েছে, ও ভেট্কিমাছওয়ালী
—সামার প্রাণ প্রেয়সী।

পন্না। হাঁ ভেট কীমাছওয়ালী। এ ছেঁডিটো কে ?

গদা। ফুলওয়ালী বেহাত হোয়েছে, ও ফুলকণী ওয়ালী, মিঠার ডমের মাই-ডিয়ার।

পয়া। হাঁ ফুলকপীওয়ালী। ওদের নে যাচ্ছ কেন?

পদা। ছটো কায হবে।

গয়া। খাঁ ছটো কাষ হবে।

গদা। এই জিম্ন ষ্টিক ছোঁড়া মার্ক্সে একধার থেকে লাফ্ আর আমি মার্ক্স একধার থেকে লাফ্।

গয়া। হাঁ তুমি মার্বে লাফ্।

গদা। আর রামচাঁদ বদ্বে মাঝ্খানে।

গয়া। রামচাঁদ ব'দ্বে মাঝ্থানে। বেটা'ত ভুগেল লড়ৰে নাং?

গদা। লড়ে লড়্বে; ভয় কি ? ফুলকপীউলী আছে। আর হুছোঁড়া চামর ঢোলাবে।

গয়া। হাঁগ আর ছছোঁড়া চামর ঢোলাবে।

গদা। এই এক কাজ।

গয়া। হাঁা এই এক কাজ।

গদা। আর আস্বের সময় তিন জোড়া বর ক'নে বেরিয়ে আস্বে।

গয়া। হাঁ। তিন জোড়াবর ক'নে বেরিয়ে আদবে। মাষ্টার! গুওটাত দাঙ্গা কর্বেনা?

গদা। ভাবছেন্ কেন ? ফুলকপীউলী ঠাণ্ডা কর্বে। ফুলকপীউলী। সে ভাব্বেন না বাপু!

গয়া। গুওটা ভারী গোঁয়ার।

ফুলকপীটলী। মুঞ্ ঘুরিষে দেব তার। গন্ধা। ইঁাা মুঞ্ ঘুনিষে দেবে তার। (গীত)

্গীত)
আমরা বর ক'নে তিন জোড়া।
ধাড়ী হুটো সঙ্গে আছে, পেছিয়ে আছে ছোঁড়া॥
জেলের মেয়ে মালীর মেয়ে আমরা হুজনে,
মালাউলী ঘোম্টা দিয়ে ক'নে সেখানে,
দেখ্বে এদ সখের বর ক'নে,
আকার প্রকার বরগুলির ঠিক, নয়ক কেবল মুখপোড়া
এদ মুখ জ্বালিয়ে দেবে, জ্বেলে নে
নাঁটার গোডা।

[मक लात প্রস্থান।

তৃতীয় দৃশ্য ।

আটচালা।

(পুঁটে ১ আ ও ড সের প্রবেশ।)

পুঁটে। ভুষেল লড়্বে না? নাম কিন্বে না?
ভদ। দেখ, বড় ক্যাডাভ্যারাদ্ চেহারাটা, ও রামচাঁদের
উপর দিয়েই যাক।

পুঁটে। তা যাক্ না। তোমার তো ফুলউলী আছে,তা ব'লে ভুরেল লড়্বেনা? দেথ, টাকার জন্মে বাপকে গুলি করেছিল, বিলেত পর্যাস্ত নাম গিয়েছে, ভাইকে বিষ থাইয়েছিল আমে- রিকার লোক পর্যান্ত মোহিত, তুমি সাম্নাসাম্নি বাপকে চ্যালেঞ্জ ক'রে সরগ্রম নাম করে ফেল।

ডস। পুলিশে ধরবে না ত ?

পুঁটে। পুলিশে ধরবে ?—মোহিত হয়ে সব দাঁড়িয়ে দেখ্বে। ভস্। ভাব্ছি যদি সাজা হয়ে যায়!

পুঁটে। আইন কোথা পাবে যে সাজা দেবে ? পিনাল কোড্
আন্ছি, আপনি দেখুন যদি বাপকে চ্যালেঞ্জ করা কোথাও থাকে
তবে ত সাজা দেবে ? বেআইনি তো আর কর্তে পার্বেনা।
চুরী-ডাকাতি, গুম্খুন, জালজালিয়াত, বলাংকার, ভ্রুণহত্যা
এরি সব সাজা লিথেছে, বাপ্কে চ্যালেঞ্জ করা আইনকর্তা বা
তাঁর বাবার মাথায় কথন এসেনি।

ডদ্। বটে! তবে লে আও পিস্তল।

পুঁটে। এই নাও মুজি দিয়ে বদো, লোকে জিজ্ঞাসা কল্পে বোল্বো, তোমার বাবার বিষের দান সামগ্রী চাপা আছে।

[মিঃ ডদ্ ও পুঁটের প্রস্থান।

((अमनाम, तामहान 'अ नवातात्मत अत्यम)

গয়া। আমি ত স্ত্রীধন দিয়েছি, তবে বিয়ে দিতে দেরি কচ্চ কেন ? যতুকের টাকা আর ক'নে নে এস।

প্রেমদাস। চেঁচাবেন্ না, চেঁচাবেন না, আপনার ছেলে পিস্তল হাতে করে ও ঘরে আছে। বাদি বের সময় যৌতুক দেওয়া যাবে, আর কনে এলো বলে।

মস্তর পড়ি ফড়্ ফড়, জুতো পড়ুক ধড়্ ধড়, ক'নে আস্ছে চপ্ চপ্, চল্বে ঝাঁটো সপ্ সপ্, বর ক'নেতে রাজযোটক্, দ্বিজ গোবিন্দ ভণে তোটক। প'রে ক'নে নৃত্ন সাড়ী, ধরবে তেড়ে বরের দাড়ি, এ বের টোপর কেলে হাঁড়ী, জুতোর মালা গাঁথছে হাড়ী, মুচি দেবে জলের ছড়া, দ্বিজগোবিন্দ ভণে ছড়া।

(ক'নেরূপী প্রেমদার্শীর প্রবেশ)

ক'নে। প্রাণনাথ মালা পর।

রাচাঁদ। আরে, একে?

কনে। প্রাণনাথ, আমায় চিত্তে পাঁচ্চ না ? তবে আমি মৃচ্ছ যাই।

वागठान। एइए एन।

ক'নে। পুরুত ঠাকুর ছেড়ে দাও, আমি ভারী হাত পা ছুঁড়ছি; প্রাণনাথ নাকে স্বেলিং সল্ট ধর্ম্বে, আমার হাতেই আছে, প্রাণকান্ত, নাও, নইলে ভেঙ্গে যাবে।

त्रागहाँ । भव जूशाहू ति ।

ক'নে। প্রাণনাথ,এলেনা; তবে আমি উঠে গলায় গামছা দি।

(মিষ্টার ডদের প্রবেশ)

ডস্। ওল্ড বয়, এমন হিষ্টিরিয়াওয়ালা মেয়ে তুমি রাম-চাঁদকে বে দিতে এসেছ ? আমায় দিলে না, এই পিস্তল নাও, ভুয়েল লড়।

গন্না। আমি বাপের সঙ্গে ঝক্মারি করেছি, দশ দশ হাজার টাকা যতুক দিয়েছি; বাবা, তোর আর পিস্তলে কাজ নেই, তাতেই আধমরা হয়েছি, টাকার শোকে বাড়ী গিয়ে পুরো মরে থাকবো।

ডস্। বাড়ীতে গিয়ে মর মর্বে, এখন ডুয়েল লড়ে যাও। ওকে রামটাদ নিক্, আমার ফুলউলী আছে। (फूलक भी डेली त अरवन)

ফুলকপীউলী। আছি ত বটে, আছি তো বটে। ডস্। মাধার, এ কে ?

(গদাই ও ভেট,কীমা ছউলীর প্রবেশ)

গদা। কি কর্র বাপু, সে ফুলউলী লেব্উলী পেলেম্ না, তোমার জভ্যে ফুলকপীউলী এনেছি আর আমি ভেট্কীমাছউলী নিয়েছি।

পুরত। তা দেখুন কর্তা বাবু, ঘোষেদের মেয়ের বে হ'য়ে গেছে; কি করি, আমি নবছীপ থেকে কেনা সথের বছুমী তোমার এ সাজান ছেলেকে দিয়েছি।

ক'নে। আর শ্বশুর মশার, আমি ওঁর পারে প্রাণ সঁপেছি। ফুলকপীউলী। আর আমি তোমার পিস্তল দেখে মজেছি। ভেটকীমাছউলী। তোমার কি দেখে মজেছি, দাঁড়াও, একটু আঁচি।

রামচাদ, ভদ্, গদাই। এখন ছেড়ে দিলে বাঁচি।

(গীত)

বেকুবী হন্দ হয়েছে।
আস.মানে পরীস্থানে নিতে এসেছে।
সেথা বেকুবের একজাই,
বিচার হবে বেকুবের কে চাঁই,
টোপর মালা আর কত কি রয়েছে।
যার যেমন বেকুবী, তারে তেমনি দেবে বেছে।

চতুর্থ দৃশ্য।

পরীস্থান।

(পরিরাণী পরিমন্ত্রীও পরিরাণীর মহচরীগণ দেশহিতৈথী পুবক, টাইটেলথোর, পলিটিসিয়ান, সভাতার নিশানধারী, টোলধারী, রিফ্রার, প্রণয়ীদিগকে দড়িতে বাঁধিয়া হামাগুড়ি দেওয়াইতে দেওয়াইতে চাবুক হাতে ক্লাউন ও তুই জন পরীর প্রবেশ।)

পরীগণ।

(গীত)

পরীজান্কি এনসাফ জবর।

যেসা বেকুব তেসা উদ্কা কদর॥
তোম্ চিল্লা চিল্লাকে দেতেহো জান্,
আচ্ছা এনাম্ দিয়া পরীজান,
হো যাও খুসী,
দেখে সব কোই খাক্ মুকি হাসি
বরষ বরষ তোম্কা হোগা খবর॥
নামকা ওয়াস্তে, তোম্ জিতে মর্তে,
চলা যাও এনাম্ লেকে,
হো যাও খুসী, দেখে সব কোই খাকমুকি হাসি,
পরীজান রাজী হায় তোমারা পর॥

বড়া,বেক্বীবাজ, লেগা তোম্ রাজ হো যাও খুগী, দেখে সব কোই খাকমুকি হাসি, বেকুবী কর্তে রহো ক্যা তেরা ভর॥ তেরা আক্লেলকা ক্যা কহেনা, মরদ, কর্নে মাজো জেনানা,

হো যাও খুসী দেখে সব কোই থাক্মুকি হাসি, তোম, লিংয় রোতে ক'ল কেতা সহর॥ জাহির হোনেদে তেরা কারদানী, রসিমে ঝুলেগা হিন্দুয়ানি

হো যাও খুনী, দেখে দব কোই খাক মুকি হাসি, তোম্দে বেকুব থোড়া আতা নজর॥

তেরা ধরম সাঁচ্চা, তেরা আক্কেল আচ্ছা হে। যাও খুসী, দেখে সব কোই খাকমুকি হাসি, শুণ তেরা গায়েগা ঘর ঘর॥

এনলোক্কে হুয়া ভাই তেরা তোয়াজ ধরম করম ছোড়া, ছোড়া হুয়া লাজ,

হো যাও খুদী, দেখে দব কোই খাকমুকি হাসি বহুৎ থোড়া বেকুব ছায় তেরা উপর। বাহোয়া বাহোয়া,

যুম্তে ফির্তে লেও প্রেম কি হাওয়া, হো যাও খুসী, দেখে সব কোই খাক মুকি হাহি, ছাতি হেলাকে যাও ফর্ ফর্ ফর্ ॥ পরী-মন্ত্রী। কুচো বেল্লিক ত সব বিদেয় হ'লো, এখন বড় ৰড় বেল্লিক নে এস, এনাম দেব।

(হাজরা মাহেবের প্রবেশ)

পরী-মন্ত্রী। ভোনার আমরা চিনি, তুমি রাস্তাতেই জাহির করেছ কারদানী, মাগের বুট শুদ্ধ লাথি থেয়েছ, তুমি বেকুব বটে কিন্তু তোমার স্ত্রীর বেকুবী একচেটে; একটু তলাতে দাঁড়াও, তোমার স্ত্রী পেছিয়ে আদ্ছেন, সঙ্গে নে যাও, এখন একটু হাওয়া খাও, তিনি এলে তখন বৃট শুদ্ধ লাথি থেয়ো, এই এনাম নাও, খুদী হ'য়ে তলাতে দাঁড়াও। (গাধার টুপী দেওন)

পরীগণ।

(গীত)

জরুকা জুতিসে ভর্ত্তি হোয়ে পেট, বেসক্ তোমারা বেকুবী ঠেট, হো যাও খুদী, দেখে সব কোই খাক্মুকি হাদি পিয়াও থোডা যব, মিলে জহর॥

(মেয়ে ছেলের প্রবেশ)

পরী-মন্ত্রী। তোমারা খুব এক জোড়া বেকুবের পিল, তোমরা বড় হ'লে তোমাদের টক্কর দেওয়া হবে মুস্কিল; দিন দিন এখন বাড়্ছে আকেল, সহর যুড়ে দেখাচ্ছ বেকুবীর খেল, এই এনাম নাও, তফাতে দাঁড়াও, তোমাদের বাবা আর মান্তার আদ্ছে তাদের সঙ্গে নে চ'লে যাও। পরীগণ।

(গীত)

বেকুবকা পিলু,

দোনোকা যুড়ী মিলানা মুক্তি**ল,** হো যাও খুসী, দেখে সব কোই খাক্ষুকি হাসি, বাড়ুতে রহো খুব বাড়েগা দর।।

(গদায়ের প্রবেশ)

পরী-মন্ত্রী। তুমি মান্ত্রীর,তোমার পরিচয় চাইনে আর; এই বে এত বেকুবীর বাহার, এ কীর্ত্তি স্থপ্ন তোমার নয়, তোমার মতন যে যে আছেন আর; ছেলেকে স্থশিকা দিবে, স্বধর্মে রাথ্বে, বাপ মা মানী লোককে মান্ত ক'র্ত্তে শেপাবে, তা নয়, তুমি বজ় বেকুব, তুমি না থাকলে বেকুব কিসে জন্মায়, তুমি জবর বেকুব বটে, কিন্তু ফান্তি প্রাইজটে তোমার কপালে কই ঘটে, তোমার মতন এনাম নাও, খুসী হ'লে চলে যাও। (এনাম প্রদান)

পরীগণ। (গীত)

তোম্ বহুৎ হুসিয়ার, বেকুবী উম্দা তুহার, হো যাও খুসী, দেখে সব কোই খাক্মুকি হাসি, জিতা রংগে ভাই আবি মৎ মর॥

(ডলের প্রবেশ)

পরী-মন্ত্রী। চিনেছি তুমি নিষ্ঠার ডদ্, তোমার আকেশ্

দেখেই বশ্,ত্মি বাপের সজে ডুয়েল্লড়তে যাও,বল দেখি এমন স্থা বৃদ্ধি কোথায় পাও ? বাপ্কা বেটা সেপাইকা ঘোড়া, না ? কতক মত গেল জানা; তোমার মতন এনাম নাও, খুসী হ'রে চ'লে যাও; আর ফুলকপীউলী যদি চাও, ঐ ওথানে দাঁড়িরে আছে কোটসিপ্করগে।

পরীগণ। (গীত)

দাসজী হোকে তোম নাম লিয়া ডস্, বাপ্সে লড়াই মাঙ্গো জিতা রহো বস্, হো যাও খুসা, দেখে সব্ কোই খাক্মুকি হাসি যেসা কর্তেহো ভাই ওসি তু কর।

(কর্তার প্রবেশ)

পরী-মন্ত্রী। তুমি বেকুবের ধাড়ী,তোমার আকেলেই বাংলায়
বেকুবের ছড় ছিড়ি, তোমার গুণের পালান দিতে নেই, তোমার
যোগ্য কি পরীস্থানে এনাম আছে ছাই ? বড় ছেলেটী ক'রেছ
মিষ্টার ডস্, ঐ একটীতেই দেশ যুড়ে গাইত যশ, তাতেই কি তুমি
ছাড় ? জেনে গুনে, টাকার জন্তে, পরকে বে দিতে গেলে ছেলের
ক'নে, কচি ছটী ছেলে মেয়ে কচ্চ খুনে, হিঁছুর ঘরে জন্মে রাথ্বে
বাপ পিতাম'র ধর্মকর্ম্ম, তোমায় দেখে ছেলে পুলে সব শিথ্বে, না
তুমি আপনার ছেলে গোল্লায় দেবে। বাপ যদি সম্বে চলে,যেমন
দেখায় তেম্নি শেখে ছেলে পুলে, নিজ ধর্মে থাকে, দেশের
গৌরব রাথে। যে হিল্ ধর্মের জন্তে প্রাণ দেয়, সেই হিন্দুক্লে
জন্মে ধর্মকর্ম্ম দিচ্ছ গোল্লায়, তুমিই বেকুবের বাদ্সা, এই এনাম
নাও খাসা।

পরীগণ।

(গীত)

ক্যা কহে বেকুবকা বাদ্সা তোম্। মালুম্ নেই কোন্ হ্যায় তুংগরা যম্॥ হো যাও খুদী, দেখে সব কোই খাক্মুকি হাসি, উম্দা বাদ্সাই তাজ শীরমে ধর।

. ৾(হাজরা বিবির প্রবেশ)

পরী-মন্ত্রী। পেছিয়ে কেন ঠাকরণ, ঝুন্ ঝুন্ ক'রে এ দিকে চ'লে আস্থন, ফের,দেথাও তোমার চক্র বদনথানি, যে হিন্দুর রমণী স্থানীর পূজা করে, স্বামীর সঙ্গে সহমরণে মরে, শ্বন্ধর শ্বাশুড়ীকে দেবতা জানে, গুরুজনের সেবায় থাকে রেতে দিনে, তুমি সেই হিন্দুরমণী কিন্তু হদ তোমার কার্দানি, শ্বাশুড়ীকে ফাউল্ রাঁধাও, শ্বন্ধক বাব্দী কর, আর স্বামীকে বৃট্ শুদ্ধ চাট্ মার। বেকুব্নীর রাণী এই এনাম্পর, আর এই আঁস্ বাঁটিটী নাও, নাক্টী কান্টা কেটে রেথে যাও। (এনাম প্রদান) পরীগ্রণ—

বেরুব্কা তোম্ হো রাণী সাচ্চা, এস্দে পিন্হো বুট মজবুৎ আচ্ছা, হো যাও খুসী, দেখে সব্ কোই থাক্মুখি হাসি, বাংলা চেক্না তোম্দে লাগা বেওজর।

(थिष्प्रिटीदात्र महात्मकादात व्यवन ।)

থিয়েটারের ম্যানেজার। বাদ্দাজাদী, আমি থিয়েটারের ম্যানেজার, আমার কিছু এনাম্ মিললো না। পরী-মন্ত্রী। এনাম্ তো তোমারা হর্রোজ মিল্তা, সহরমে কব্ তোম্কো গালি নেহি দেতা। মেহনৎ উঠায়কে, হর্ রাত জাগ্কে কব্ নেহি দেতেহো জান্, এতেমে নেহি হয়া বেইমান, আও হিঁয়া ডাল্ দেতা কান্।

(পুঁটের প্রবেশ)

পুঁটে। আমার কিছু মিল্লো না ? পরী-মন্ত্রী। রন্জ মৎ করো, হর্ সাল কিম্মিস্ মে বেকুব তোম্সে লেগা, মৎ ডরো।

পরী-জিনী। (গীত)

কহো ক্যাসা জমা খেলা।
কিরা মেরি নেহি বুরা বোলো
বোলো মজেকি মেলা।
চেক্না রাতি কর চেক্না দেল্
নেহি ফিন্ তোম্সে না হোগা মেল্
নেহি খেলেজে খেল,
নেহি ভালা বোলো, জেরা হাস্কে চলো,
তব্বি সম্বোগা বাৎ মেরা নেহি টেলা।

